

নং: ০৫.৪৩.৮১০০.০২.০০৮.০০২.২৩- ০৭

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪৩০
২১ নভেম্বর ২০২৩

অনলাইনে মনোনয়নপত্র দাখিল সংক্রান্ত গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য সময়সূচী প্রকাশ করেছেন। উক্ত সময়সূচী অনুযায়ী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ আগস্টি ৩০ নভেম্বর ২০২৩ খ্রি। তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ৪.০০ টা পর্যন্ত। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৬৬ অনুচ্ছেদ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের বিধান অনুসারে যোগ্য ব্যক্তিগণ মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ বা তার পূর্বে যে কোন দিন অনলাইনে বা ফরম-১ এ সরাসরি মনোনয়নপত্র দাখিল করবেন। নির্বাচন কমিশন সচিবালয়ের ১৬ নভেম্বর ২০২৩ খ্রি। তারিখের ১৭.০০.০০০০, ০৩৪.৩৬.০১৯.২৩-৭২৫ নং স্মারকে জারীকৃত পরিপত্র মোতাবেক গণপ্রতিনিধিত্ব আদেশ ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের (৩) দফার (খ) উপদফার বিধান এবং নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এর ৩ বিধির ২(খ) ও (৩) উপবিধি অনুসারে অনলাইনের মাধ্যমে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নিয়ন্ত্রণ পদ্ধতি অনুসরণ করতে হবে।

ক) অনলাইনে মনোনয়নপত্র দাখিলের জন্য যোগ্য ব্যক্তিগণকে বাংলাদেশ নির্বাচন কমিশনের অফিসিয়াল ওয়েবসাইটে www.ecs.gov.bd প্রবেশ করে অনলাইনে মনোনয়ন দাখিল লিংকে ক্লিক করতে হবে অথবা সরাসরি মনোনয়নপত্র দাখিলের ওয়েবসাইটে <https://onss.ecs.gov.bd> প্রবেশ করতে হবে। ওয়েব পোর্টালে প্রবেশ করে অনলাইনে মনোনয়নপত্র পূরণ ও দাখিল করার উদ্দেশ্যে পোর্টালে প্রবেশ করে তার জাতীয় পরিচয়পত্র নম্বর বা ভোটার নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডি এবং নির্বাচনি এলাকার নম্বর ও নাম এন্ট্রি করে মনোনয়নপত্রের জন্য রেজিস্ট্রেশন করতে হবে; রেজিস্ট্রেশন সম্পর্ক হওয়ার পর ইউজার নেইম ও পাসওয়ার্ড পাওয়া যাবে।

খ) জাতীয় পরিচয়পত্রের বায়োমেট্রিক ফিচারে সংরক্ষিত মুখ্যাবয়ব তথ্যের সাথে প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারীর চেহারা শনাক্তকরণ (Facial Recognition) করতে হবে;

গ) কোনো প্রার্থী পোর্টালে প্রবেশ করে পর্যায়ক্রমে মনোনয়ন, ব্যক্তিগত তথ্যাদি ও হলফনামা সংক্রান্ত তথ্যাদি এন্ট্রি করবেন এবং অনুচ্ছেদ ১২ এর অধীন প্রয়োজনীয় কাগজপত্র (হলফনামা, আয়কর প্রদান সংক্রান্ত কাগজপত্র, প্রযোজ্য ক্ষেত্রে, নির্বাচিত রাজনৈতিক দল কর্তৃক মনোনয়ন সংক্রান্ত প্রত্যয়নপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্রসহ) স্ক্যান করে Portable Document Format (পিডিএফ) আকারে সংযুক্ত করবেন। তবে শর্ত থাকে যে, স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে, সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার এক শতাংশ ভোটারের সমর্থন স্বয়লিত স্বাক্ষরযুক্ত তালিকা মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখের মধ্যে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারের নিকট সরাসরি দাখিল করতে হবে;

ঘ) প্রার্থী পোর্টালে রক্ষিত অনলাইনে পেমেন্ট মেথড ব্যবহার করে জামানত বাবদ নির্ধারিত অর্থ প্রদান করার পর মনোনয়নপত্র দাখিল করবেন;

ঙ) রিটার্নিং অফিসার অনলাইনে প্রাপ্ত প্রত্যেকটি মনোনয়নপত্রে স্বয়ংক্রিয়ভাবে সৃজিত বা প্রদত্ত দ্রুমিক নম্বর অনুসারে “ফরম-১” এর পঞ্চম খন্দ অনুযায়ী মনোনয়নপত্র বাছাইয়ের স্থান, তারিখ ও সময় নির্ধারণ করবেন এবং প্রাপ্তি স্থাকার রসিদ ও বাছাইয়ের নোটিশ অনলাইনে প্রাথীকে প্রেরণ করবেন;

চ) দফা (ঘ) এর অধীন মনোনয়নপত্র দাখিলের পর স্বয়ংক্রিয়ভাবে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে মনোনয়নপত্র দাখিলের প্রাপ্তি স্থাকার, মনোনয়নপত্র বাছাইয়ের স্থান ও তারিখ, মনোনয়নপত্র বাছাই এর সিদ্ধান্ত, প্রার্থীতা প্রত্যাহার এবং প্রতীক বরাদসহ সংশ্লিষ্ট তথ্যাদি পর্যায়ক্রমে এসএমএস এর মাধ্যমে প্রেরণ করা হবে এবং উল্লিখিত তথ্যাদি পোর্টালেও প্রদর্শিত হবে; এবং

ছ) রিটার্নিং অফিসার প্রয়োজনে, অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্র সংশ্লিষ্ট কাগজপত্রাদির মূল কপি মনোনয়নপত্র বাছাইয়ের নির্ধারিত দিনে তার নিকট দাখিল করার নির্দেশনা প্রদান করতে পারবেন।

২। উল্লেখ্য যে, রাজশাহী জেলার ০৬ টি সংসদীয় আসনের [৫২ রাজশাহী-১ (গোদাগাঢ়ী, তানোর), ৫৩ রাজশাহী-২ (রাজশাহী সিটি কর্পোরেশন), ৫৪ রাজশাহী-৩ (পৰা, মোহনপুর), ৫৫ রাজশাহী-৪ (বাগমারা), ৫৬ রাজশাহী-৫ (দুর্গাপুর, পুঁটিয়া), ৫৭ রাজশাহী-৬ (চারঘাট, বাঘা)] যোগ্য ব্যক্তিগণ উপরের নির্দেশনা অনুসরণ করে আগস্টি ৩০ নভেম্বর ২০২৩ খ্রি। তারিখ বিকাল ৪.০০ টা পর্যন্ত বা উক্ত সময়ের পূর্ববর্তী যে কোন দিনে অনলাইনে মনোনয়নপত্র দাখিল করতে পারবেন।

২০২৩/২০২৩
(শামীম আহমেদ)

জেলা প্রশাসক, রাজশাহী

ও

রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
ফোন: ০২৫৮৮৮৫৭০৫০
email: dcrajshahi@mopa.gov.bd